



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি/রেজি./প্রশা./রো.স্কা/কর্মশালা/প্রশিক্ষণ/মতবিনিময়সভা/২৭/২০২৫/১২

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: রোভার স্কাউট ইউনিট লিডার বেসিক কোর্সে প্রশিক্ষণার্থী প্রেরণ প্রসংগে।

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনায় নিয়োক্ত স্থান ও তারিখে ৫ দিন ব্যাপি ০২ (দুই) টি ব্যাচে রোভার স্কাউট ইউনিট লিডার বেসিক কোর্সে নিম্নবর্ণিত শিডিউল অনুযায়ী অনুষ্ঠিত হবে।

| ব্যাচ -১ | | ব্যাচ -২ | |
|-------------------------|-------------------------------------------------------|-------------------------|-----------------------------------------------------------|
| কোর্সে অনুষ্ঠানের তারিখ | : ১৮-২২ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ | কোর্সে অনুষ্ঠানের তারিখ | : ২৫-২৯ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ |
| কোর্সের স্থান | : আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র পুলেরহাট, যশোর। | কোর্সের স্থান | : রোভার স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, বাহাদুরপুর, গাজীপুর। |
| বিভাগের নাম | : রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগ। | বিভাগের নাম | : ঢাকা, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগ। |

কোর্সে অংশগ্রহণের নিয়মাবলী :

- উক্ত রোভার স্কাউট ইউনিট লিডার বেসিক কোর্সে ইতোপূর্বে স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স সম্পন্নকারী (এক মাস দলগঠন/পরিচালনা/সম্পূর্ণ থাকা) মাদরাসা/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ (প্রতি ব্যাচে ৪০ জন) অংশ গ্রহণ করতে পারবে।
- ইতোপূর্বে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনায় স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স সম্পন্নকারী শিক্ষক উক্ত ০২ (দুই) টি রোভার স্কাউট ইউনিট লিডার বেসিক কোর্সের যেকোনো ০১ (এক) টিতে আব্যশিক ভাবে অংশগ্রহণ করতে হবে।
- চূড়ান্তভাবে মনোনীতদের ১ম ব্যাচে অংশগ্রহণকারীগণ ১৮ জুন ২০২৬ খ্রি: এবং ২য় ব্যাচে অংশগ্রহণকারীগণ ২৫ জুন ২০২৬ খ্রি: অবশ্যই সকাল ৮.৩০ টার মধ্যে কোর্সে অনুষ্ঠান স্থানে উপস্থিত হয়ে কোর্স লিডারের নিকট রিপোর্ট করতে হবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিষ্ঠান থেকে অনুমতিপত্র, সমন্বয়যোগী বিছানাপত্র, ওরিয়েন্টেশন কোর্সের সনদের ফটোকপি, ব্যক্তিগত ব্যবহার্য কাপড়-চোপড় ও দ্রব্যাদি, পিটি সুট, ট্র্যাক সুট, জ্যামিতি বক্স, সাদা কাগজ, একটি ক্লিপ বোর্ড, প্লেট, গ্লাস/মগ এবং ১২ ফুট লম্বা ও কোয়ার্টার ইঞ্চি মোটা একখন্ড পাটের দড়ি অবশ্যই সংগে আনতে হবে।
- প্রশিক্ষণ এলাকায় উপস্থিত হয়ে কোর্সের জন্য প্রশিক্ষণার্থীদের মাথাপিছু কোর্স ফি ১৫০০/- ও বাংলাদেশ স্কাউটসের মাসিক অগ্রদূত পত্রিকার বার্ষিক গ্রাহক ফি ২৪০/- টাকা এবং বই, খাতা বাবদ ৩৫৫/-টাকা সহ সর্বমোট ২০৯৫/- টাকা (দুই হাজার পচানকই) টাকা জমা দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। কোর্স কর্তৃপক্ষ কোর্সে চলাকালীন অংশগ্রহণকারীদের থাকা ও খাওয়ার ব্যবস্থা করবেন।
- অংশগ্রহণকারীগণ কোর্স ফি এবং যাতায়াত বাবদ প্রকৃত খরচ শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী নিজ নিজ প্রতিষ্ঠানের রোভার স্কাউট তহবিল থেকে বহন করা যাবে।
- যে কোন তথ্য/প্রয়োজনে জনাব মিজানুর রহমান, সহকারী রেজিস্ট্রার, মোবাইল নম্বর : ০২৭১২৪১৭১৭৭ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

উক্ত কোর্সে বিভাগ ভিত্তিক আপনার প্রতিষ্ঠানের ওরিয়েন্টেশন কোর্স সম্পন্নকারী শিক্ষক (যদি থাকে) তাঁদের নাম রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা সরাসরি অথবা roverscoutsbd.iau@gmail.com ই-মেইলে আগামী ১৪ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে


২১.০৫.২০২৬
(ফাহাদ আহমদ মোমতাজী)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
মোবাইল : ০২৭০৫-৪০৮০০১
ই-মেইল: iauregistr@gmail.com

অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ফাজিল ও কামিল মাদরাসা (সকল)।

স্মারক নং- ইআবি/রেজি./প্রশা./রো.স্কা/কর্মশালা/প্রশিক্ষণ/মতবিনিময়সভা/২৭/২০২৫/১২

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- সম্পাদক, বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল।
- ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
- প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
- সভাপতি, গর্ভনিং বডি ফাজিল ও কামিল মাদরাসা (সকল)।
- আহবায়ক/সদস্য-সচিব, রোভার স্কাউট কমিটি, ইআবি, ঢাকা।
- প্রোগ্রামার, আইসিটি শাখা (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইআবি, ঢাকা।
- সহকারী রেজিস্ট্রার ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
- অফিস নথি।


২১/০৫/২৬
(মিজানুর রহমান)
সহকারী রেজিস্ট্রার